# খামেনির জানাজায় যোগ দিতে ইরান যাচ্ছে জামায়াতের প্রতিনিধিদল



আয়াতুল্লাহ খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জানাজা ও রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে অংশ নিতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল ইরান সফরে যাচ্ছে। মঙ্গলবার (৩০ জুন) দলটির ভেরিফায়েড ফেসবুক পেজে এ তথ্য জানানো হয়।

জামায়াত জানায়, ইরান সরকারের আমন্ত্রণে আগামী ৩ জুলাই ঢাকা ছাড়বে প্রতিনিধিদলটি। ৯ জুলাই পর্যন্ত সফরকালে তারা জানাজা ও রাষ্ট্রীয় শোকানুষ্ঠানে অংশ নেবেন।

দলটির নায়েবে আমীর অধ্যাপক মুজিবুর রহমান এমপির নেতৃত্বে প্রতিনিধিদলে থাকছেন মো. নুরুল আমীন এমপি, ড. মো. কেরামত আলী এমপি এবং ডা. এস এম খালিদুজ্জামান।

জামায়াতের পক্ষ থেকে বলা হয়েছে, সফরকালে প্রতিনিধিদল ইরানের শীর্ষ নেতৃত্ব ও সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। পাশাপাশি দুই দেশের জনগণের পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতা আরও জোরদার হবে বলে আশা প্রকাশ করেছে দলটি। আমন্ত্রণ ও সফরের প্রয়োজনীয় সহযোগিতার জন্য ইরান সরকারের প্রতিও কৃতজ্ঞতা জানিয়েছে জামায়াতে ইসলামী।

LENS ASIA